

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৩-৯৫

১৮ চৈত্র, ১৪১৯
তারিখঃ
০১ এপ্রিল, ২০১৩

বিষয়ঃ গোপনীয় অনুবেদন সংক্রান্ত কতিপয় জরুরী নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল/অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা এবং বার বার তাগিদ দেয়া সত্ত্বেও কোন কোন কর্মকর্তার ২০১০, ২০১১ ও ২০১২ সনের গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পাওয়া যায়নি। নিয়মানুযায়ী ২০১২ সনের গোপনীয় অনুবেদন ৩১ মার্চ, ২০১৩ এর মধ্যে সিআর অধিশাখায় পৌঁছানো আবশ্যিক। অনুস্বাক্ষরকারী/প্রতিস্বাক্ষরকারী পর্যায়ে ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত যে সকল গোপনীয় অনুবেদন এখনও পেন্ডিং রয়েছে সেগুলো বিলম্বে প্রেরণের ব্যাখ্যাসহ অতি দ্রুত অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করে সিআর অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য সবিশেষ অনুরোধ করা হলো। নতুবা গোপনীয় অনুবেদনগুলো বিলম্বে প্রেরণের কারণে বাতিল হয়ে যাবে।

এছাড়াও গোপনীয় অনুবেদন ব্যবস্থাপনা সংক্রান্ত ২৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখে জারীকৃত (২০১২ সনের গোপনীয় অনুবেদন থেকে কার্যকর) অনুশাসনমালার সকল নির্দেশনাসহ নিম্নবর্ণিত বিষয়গুলি বিশেষ গুরুত্ব সহকারে অনুসরণের জন্য পূরণায় অনুরোধ করা হলঃ

১. অনুবেদনাধীন কর্মকর্তা অথবা অনুবেদনকারী কর্মকর্তার বদলী/শাখা বা দপ্তর পরিবর্তন ইত্যাদি জনিত কারণে একাধিক অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মরত থাকলে, সেক্ষেত্রে প্রতি তিনমাস (একজন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মকাল) বা তদূর্ধ্ব সময়ের জন্য আংশিক গোপনীয় অনুবেদন প্রয়োজন হবে। এরূপ ক্ষেত্রে একজন কর্মকর্তাকে একবছরে একাধিক আংশিক গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে। ঐ বছরের জন্য প্রযোজ্য সকল আংশিক গোপনীয় অনুবেদনের নম্বরের গড়ই হবে সংশ্লিষ্ট কর্মকর্তার উক্ত বছরের প্রাপ্ত নম্বর;


২. একই পঞ্জিকা বছরে কোন কর্মস্থলে/কোন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে একাদিক্রমে কর্মকাল ০৩ (তিন) মাস না হলে গোপনীয় অনুবেদন প্রযোজ্য হবে না। তবে কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে কর্মরত থাকার ক্ষেত্রে কোন অনুবেদনকারীর নিয়ন্ত্রণেই কর্মকাল ৩ মাস না হলে এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিয়ন্ত্রণে ৩ (তিন) মাস হলে (যথোপযুক্ত প্রমাণসহ) আবশ্যিকভাবে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে। উক্ত ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষই গোপনীয় অনুবেদনের ৭ম অংশে বিষয়টি উল্লেখপূর্বক অনুবেদনাধীন কর্মকর্তার গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর করবেন। এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষর প্রয়োজন হবে না;

৩. একই পঞ্জিকা বছরে একই কর্মস্থলে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা একাধিক হলে যাঁর তত্ত্বাবধানে অধিককাল কর্মরত ছিলেন তিনিই গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর করবেন; তবে একাধিক প্রতিস্বাক্ষরকারীর অধীনে কর্মকাল সমান হলে কর্মকালের শেষাংশে যাঁর অধীনে কর্মরত ছিলেন তিনিই গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষর করবেন;

৪. কোন অনুবেদনাধীন কর্মকর্তাকে মূল্যায়নের ক্ষেত্রে গোপনীয় অনুবেদন ফরমের ৪র্থ পৃষ্ঠায় ৩য় ও ৪র্থ অংশে কোন ক্রমিকের (মূল্যায়নের বিষয়ের) বিপরীতে মান ১ (এক) এর ঘরে প্রদান করা হলে তা বিরূপ হিসেবে গণ্য হবে। মোট প্রাপ্ত নম্বর ৪০ বা তদনিন্ম অর্থাৎ মূল্যায়ন চলতি মানের নিম্নে হলে তা বিরূপ হিসেবে গণ্য হবে। তবে এ সকল মূল্যায়নের ক্ষেত্রে কারণ ও প্রয়োজনীয় তথ্যপ্রমাণ সংযুক্ত/লিপিবদ্ধ করতে হবে;

৫. কোন পঞ্জিকা বছরের গোপনীয় অনুবেদন আবশ্যিকভাবে ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছানোর নির্ধারিত সময় হচ্ছে তার অব্যবহিত পরবর্তী বছরের ৩১ মার্চ। নির্ধারিত সময়ের ১ (এক) বছর অতিবাহিত হয়ে যাওয়ার পর কোন কর্মকর্তার গোপনীয় অনুবেদন ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে তা কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। তবে এ ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল করেছেন মর্মে প্রমাণ থাকলে এবং তাঁর কোন ত্রুটি না থাকলে তাঁকে কোনভাবেই ক্ষতিগ্রস্ত করা যাবে না;

উল্লেখ্য, গত ২৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখে ০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-৫৮ নং স্মারকে জারিকৃত অনুশাসনমালা প্রয়োজনে ব্যবহারের জন্য অত্র মন্ত্রণালয়ের web site (www.mopa.gov.bd) এ সন্নিবেশিত করা হয়েছে।



(শেলিনা খানম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৫০৩৯৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(অধীনস্থ/সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার অনুরোধসহ)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ)।

৩. সচিব/ভারপ্রাপ্তসচিব,..... মন্ত্রণালয়/বিভাগ)।

৪. বিভাগীয় কমিশনার,....., সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার অনুরোধসহ।

৫. জেলা প্রশাসক,....., সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ।

৬. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।